গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিকলী উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ

**উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : মোকারিম
চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
সভার স্থান/মাধ্যম : উপজেলা পরিষদ হলরুম, নিকলী, কিশোরগঞ্জ।
সভার তারিখ : ৩১ জুলাই ২০২৪ তারিখ, রোজ: বুধবার, সময়: ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট ''ক'' মোতাবেক।

সভাপতি নিকলী উপজেলা পরিষদ, জুলাই ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নিকলী, কিশোরগঞ্জকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| আলোচ্য সূচি-১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং গত জুন ২০২৪ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অবলোকন করার ও সংশোধনযোগ্য কিছু থাকলে আলোচনা করার অনুরোধ জানান। | সংশোধনযোগ্য কিছু না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নিকলী |
| আলোচ্য সূচি-২ | গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রমের উপর আলোচনা | গত সভার সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | গত সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব বিভাগীয় প্রধান |
| আলোচ্য সূচি-৩ | স্থায়ী কমিটির সভা সংক্রান্ত বিষয়ে আলোচনা | কমিটির সভা সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত সভা করার অনুরোধ জানান। | কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সভাপতি ও সকল সদস্যগণ |
| আলোচ্য সূচী-৪ | উপজেলা পরিষদের আয়-ব্যয় বিষয়ে আলোচনা | ১। উপজেলা পরিষদের জুন ২০২৪ মাসের আপ্যায়ন বাবদ ২৮,৫০০/- টাকার বিল এবং জুন ২০২৪ মাসের স্টেশনারী মালামাল ক্রয়ের ৫,০০০/- টাকার বিল সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের জুন ২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় ২৮,৫০০/- টাকা এবং স্টেশনারী মালামাল ক্রয়ের ৫,০০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নিকলী |
| আলোচ্য সূচী-৫ | বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কিত আলোচনা। | ক) কৃষি বিভাগ: জনাব মো: সাখাওয়াত হোসেন, উপজেলা কৃষি অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলার ২০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। আমন ধান উৎপাদনের লক্ষ্যে বীজতলা স্থাপনের/বপনের কাজ চলমান রয়েছে। সারের মজুদ পর্যাপ্ত রয়েছে। মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, নিকলী, কিশোরগঞ্জ। |
| | | খ) স্বাস্থ্য বিভাগ: ডা: সজীব ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনাক্রমে জরুরী ও সংকটকালীন পরিস্থিতি মোকাবেলায় মেডিকেল টিম ও এ্যাম্বুলেন্স সার্বক্ষনিক নিয়োজিত আছে। নিকলী উপজেলার ১৯টি কমিউনিটি ক্লিনিকের প্রতিটিই বর্তমানে সর্বোচ্চ A ক্যাটাগরিতে অবস্থান করছে। EPI Vaccination কার্যক্রম আরো গতিশীল করতে নতুন ২টি আই.এল.আর মেশিন স্থাপন করা হয়েছে। অন্যান্য স্বাস্থ্যসেবা সংক্রান্ত কার্যাবলী স্বাভাবিক রয়েছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের জরুরী বিভাগের সেবার মান আরও উন্নয়নের লক্ষ্যে কাজ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | | গ) প্রাণিসম্পদ বিভাগ ডা: মোহাম্মদ আবু হানিফ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, মাঠ পর্যায়ে লাম্প স্কিন ডিজিজ (LSD) সহ অন্যান্য রোগ নিয়ন্ত্রণের জন্য টীকা প্রদান কার্যক্রম চলমান থাকবে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| | | ঘ) মৎস্য বিভাগ জনাব মো: জাহিদুল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার, নিকলী, | চায়না দুয়ারী জাল বন্ধে ঘন ঘন অভিযান পরিচালনা | উপজেলা মৎস্য অফিসার |

CS CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কিশোরগঞ্জ বলেন, নিয়মিত অভিযান/মোবাইল কোর্ট ব্যবস্থাপনা চলমান আছে। মৎস্য খামারীদের নিয়মিত মৎস্য চাষ সংশ্লিষ্ট পরামর্শ সেবা চলমান আছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | করার জন্য অনুরোধ করা হলো। | নিকলী, কিশোরগঞ্জ |
| | | ঙ) মাধ্যমিক বিভাগ<br>জনাব আরাধন কুমার দেব, উপজেলা একাডেমিক সুপারভাইজার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, কোটা আন্দোলনকে ঘিরে সারা বাংলাদেশের ন্যায় নিকলী উপজেলাতেও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | | চ) প্রাথমিক শিক্ষা বিভাগ<br>জনাব সৈয়দা মোহসীনা সোবহান, উপজেলা শিক্ষা অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, অত্র উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের বই সংরক্ষণের জন্য গোডাউন প্রয়োজন। বর্তমানে যেখানে রাখা আছে সেখানে পানি পড়ায় গত বছর বেশকিছু বই নষ্ট হয়েছে। বই রাখার জন্য দুটো অফিসকক্ষ বরাদ্ধ প্রদানের জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| | | ছ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা:<br>জনাব আবুবক্কর সিদ্দিক, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ কর্তৃক বৃক্ষরোপ অভিযান ২০২৪ আয়োজন ও বৃক্ষরোপ কার্যক্রম গ্রহণ করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| | | জ) পরিবার পরিকল্পনা বিভাগ:<br>জনাব ডা. রূপশ্রী পাল মৌ, উপজেলা মেডিকেল অফিসার (মা ও শিশু স্বাস্থ্য), উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ বলেন, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তবে ওটি রুম(অপারেশন থিয়েটার রুম) এ বর্ষাকালে বৃষ্টি দীর্ঘায়িত হলে ছাদ থেকে পানি পরে এবং কিছুদিনের জন্য কার্যক্রম বাধাপ্রাপ্ত হয়। এটি মেরামত করে দেওয়ার জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ঝ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়<br>জনাব মো: দেলোয়ার হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, প্রকল্প তালিকা যথাসময়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। টিআর-কাবিখা/কাবিটা প্রকল্পের তালিকাও অগ্রীম প্রস্তুত করে রাখার জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্প তালিকা যথাসময়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ |
| | | ঞ) পল্লী উন্নয়ন বোর্ড<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | | ট) মহিলা বিষয়ক বিভাগ:<br>জনাব শামসুন নাহার তাসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, ভিডব্লিউবি কর্মসূচীর জুলাই ২০২৪ মাসের খাদ্য বরাদ্দ না থাকায় জুলাই ২০২৪ মাসের ভিও দেওয়া সম্ভব হয়নি। মা ও শিশু সহায়তা কর্মসূচীর জুলাই ২০২৪ মাসের বরাদ্দ পাওয়া যায়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ঠ) সমাজসেবা বিভাগ:<br>জনাব আসিফ ইমতিয়াজ মনির, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের নিকলী উপজেলার ৭১৮৮ জন বয়স্ক ভাতাভোগী, ৩৮৯১ জন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী, ২৮৩৩ জন অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী, ৪৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীর শিক্ষা উপবৃত্তি, ৬১ জন অনগ্রসর শিক্ষা উপবৃত্তি, ৬৬ জন অনগ্রসর বিশেষ ভাতাভোগী এবং ০৩ জন হিজড়া ভাতাভোগীসহ সর্বমোট ১৪,০৯১ জন উপকারভোগী ৪র্থ কিস্তির টাকা ব্যাংক এশিয়া হতে উত্তোলন চলমান রয়েছে। ইতিমধ্যে নিকলী উপজেলার সিংপুর, দামপাড়া, কারপাশা, নিকলী সদর ও গুরই ইউনিয়নের বিভিন্ন ভাতার মৃত্যুজনিত ও অন্যান্য কারণে প্রতিস্থাপিত এবং নতুন উপকারভোগীদের ভাতা বহি বিতরণ, Debit Enable এবং পেমেন্ট প্রদান সম্পন্ন হয়েছে।<br>বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতার মৃত উপকারভোগীদের শনাক্ত করে নমিনীর প্রাপ্য টাকা ভাতাভোগীর মৃত্যুর ০৩ মাসের মধ্যে উত্তোলন নিশ্চিতকরণে সম্মানীত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ, সম্মানীত ইউপি সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের গ্রাম পুলিশগণকে সক্রিয় সহযোগিতা প্রদানে বিনীত অনুরোধ করা হলো। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| | | ড) রিসোর্স সেন্টার:<br>জনাব নাহীদ আলম, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বরাদ্দের প্রেক্ষিতে প্রশিক্ষণ হয়ে থাকে। আপাতত বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত রয়েছে। পরবর্তীতে বরাদ্দের প্রেক্ষিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবো। | - | প্রশিক্ষক, উপজেলা রিসোর্স সেন্টার |
| | | ঢ) জনস্বাস্থ্য বিভাগ:<br>জনাব মো: বোরহান উদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নিকলী, কিশোরগঞ্জ বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ এসেছে। সেই প্রেক্ষিতে উপজেলা ওয়াটসন কমিটির মিটিং আহবান করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ণ) সমবায় বিভাগ<br>জনাব ছালেহা খাতুন, উপজেলা সমবায় অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক অডিট কার্যক্রম ৩১ মার্চ ২০২৫ এর মধ্যে সম্পাদন শেষ হবে। সরকারি সমবায় উন্নয়ন তহবিল সিডিএফ বাবদ সমুদয় টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হচ্ছে। পানি ব্যবস্থাপনাসহ সকল সমবায় সমিতি লিমিটেড এর অডিট কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| | | ত) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| | | থ) পল্লী বিদ্যুৎ সমিতি<br>এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নিকলী, কিশোরগঞ্জ বলেন, জাতীয় গ্রীড হতে লোড বরাদ্দ চাহিদার তুলনায় কম পাওয়ায় এলাকাভিত্তিক লোডশেডিং করা হচ্ছে। অন্যান্য সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| | | দ) খাদ্য বিভাগ<br>জনাব খন্দকার নিয়াম আহমেদ হিমেল, ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম, নিকলী, কিশোরগঞ্জ বলেন, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ধান সংগ্রহ কার্যক্রম বেগবান করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ধ) বন বিভাগ:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা বন কর্মকর্তা |

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ন) তথ্য সেবা কর্মকর্তা<br>জনাব তানজিলা ফেরদৌসী, তথ্যসেবা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বিভাগীয় মাসিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা |
| | | প) নির্বাচন বিভাগ<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা নির্বাচন অফিসার |
| | | ফ) **ইউডিএফ, ইউজিডিপি**<br>জনাব পূর্ণা রাণী সাহা, ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বলেন, নতুন উপজেলা পরিষদের জন্য আগামী ৫ বছরের পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করার লক্ষ্যে সকল দপ্তর হতে পরিকল্পনা চাওয়া হলেও এখনও অধিকাংশ দপ্তর ও ইউনিয়ন পরিষদ হতে পঞ্চবার্ষিকী পরিকল্পনা পাওয়া যায়নি। দ্রুত দেয়ার অনুরোধ করেন। এছাড়াও তিনি স্থায়ী কমিটিসমূহের সভার কার্যবিবরণী দেওয়ার অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর প্রধানগণ ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে তাদের নিজ নিজ দপ্তরের বার্ষিক কর্মপরিকল্পনা তৈরি করে তার সফটকপি ১০(দশ) কার্যদিবসের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ<br>দপ্তর প্রধান (সকল) |
| | | ব) জারইতলা ইউনিয়ন পরিষদ:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | চেয়ারম্যান, জারইতলা ইউনিয়ন পরিষদ |
| | | ভ) সিংপুর ইউনিয়ন পরিষদ:<br>চেয়ারম্যান, সিংপুর ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, কৃষি প্রণোদনা গত বছর সময়মতন পাওয়া যাওয়ায় তা কাজে লেগেছিলো। এবছরও কৃষি প্রণোদনা সময়মতন দেওয়ার অনুরোধ করেন। সিংপুর বাজারের পেছনের মাটির রাস্তাটি পাকা করার অনুরোধ করেন। ইজিপিপি প্রকল্পের মৃত শ্রমিক, দেশ থেকে বিদেশে বা অন্যত্র কাজের সন্ধানে চলে যাওয়া শ্রমিকদের তালিকা থেকে বাদ দিয়ে নতুন শ্রমিক নেওয়ার অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ম) চেয়ারম্যান, নিকলী সদর ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, নিকলী সদর ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, নিকলী সদর ইউনিয়নের কুর্ণা গ্রামে পানি নিষ্কাশনের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। বৃষ্টি হলেই নিকলী মাইজহাটিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়, এতে জনদুর্ভোগ বাড়ে, শিক্ষার্থীদের কোমড় সমান পানি ভেঙ্গে স্কুলে যেতে হয়। দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন, পর্যটকদের সুবিধার্থে নিকলী সদরের মূল রাস্তা দ্রুত সংস্কার করা প্রয়োজন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ভ) চেয়ারম্যান, ছাতিরচর ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, ছাতিরচর ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, দেশের বর্তমান অবস্থা অস্থিতিশীল। সকলকে সতর্ক থাকার অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর/বিভাগ/ইউনিয়ন পরিষদসমূহের নিরাপত্তা বৃদ্ধি করার অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| | | য) চেয়ারম্যান, গুরুই ইউনিয়ন পরিষদ<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | চেয়ারম্যান, গুরুই ইউনিয়ন পরিষদ |
| | | র) চেয়ারম্যান, দামপাড়া ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, দামপাড়া ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, দামপাড়া বাজার হতে জালবাড়ি খাল পর্যন্ত হিলিপের রাস্তার নীচ থেকে মাটি সরে গেছে। দ্রুত ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন। উত্তর দামপাড়া গ্রামে মসজিদ হতে নবীনপুর পর্যন্ত রাস্তা মেরামতের অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ল) চেয়ারম্যান, কারপাশা ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, কারপাশা ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বৃষ্টির কারনে শহরমূল গ্রাম হতে মূল রাস্তার নীচ থেকে মাটি সরে যাচ্ছে। যেকোন সময় রাস্তা ধ্বসে যেতে পারে। জরুরী ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন। নানশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা খুবই জরাজীর্ণ। শহরমূল ব্রীজটি অনেকদিন যাবৎ ভেঙ্গে পড়ে আছে। দ্রুত মেরামতের অনুরোধ করেন। | আলোচ্য বিষয়সমূহে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |

CS CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| | | গ) ভাইস চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ<br>জনাব মো: তাহের আলী, ভাইস চেয়ারম্যান, নিকলী, কিশোরগঞ্জ বলেন, মোহরকোনা বাজার হতে ফায়ার সার্ভিস রাস্তাটি সংস্কারের অনুরোধ করেন। নগর নাগারছিগাটি কবরস্থানের পাশের পুকুরে ঘাটলা নির্মাণের জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ঘ) মহিলা ভাইস চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ<br>জনাব জেসমিন আরা বিউটি, মহিলা ভাইস চেয়ারম্যান, নিকলী, কিশোরগঞ্জ বলেন, রোদারপুড্ডা গ্রামে নদীরপাড়ে ঘাটলা নির্মাণের জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| আলোচ্য সূচী-৬ | ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত প্রকল্প বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ বলেন, পূর্ব সিংপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের কাজ করতে যাওয়ার সময় পার্শ্ববর্তী বাড়ীর লোকেরা বিদ্যালয়ের জমি নিজেদের দাবী করে কাজে বাধা দিচ্ছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, সিংপুর ইউনিয়ন পরিষদকে ব্যবস্থা নেওয়ার অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, সিংপুর ইউনিয়ন পরিষদ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোকারিম)
সভাপতি
ও
চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮৭৬.১৩.০১০.১৪-

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪৩১
৩১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতির জ্ঞাতার্থে/কার্যার্থে:-
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৫ (নিকলী-বাজিতপুর নির্বাচনী এলাকা)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬। চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ।
০৮। উপজেলা..............................কর্মকর্তা, নিকলী,কিশোরগঞ্জ।
০৯। চেয়ারম্যান..............................ইউপি (সকল)।
১০। অফিস কপি।

৩১/০৭/২০২৪
(পাপিয়া আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ।

CamScanner